অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 1/14/2025 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল উদ্ধারকর্মী, প্রবীণ ও অপরাধের শিকার হওয়া ব্যক্তিদের সহায়তা করার প্রস্তাব উন্মোচন করেন

নতুন উদ্যোগগুলো উদ্ধারকর্মীদের নিয়োগ, প্রশিক্ষণ ও সুরক্ষা প্রদান করবে, যারা নিউ ইয়র্কবাসীদের সুরক্ষিত রাখতে জীবনের ঝুঁকি নেয় তাদের পাশে দাঁড়াবে

গোল্ড স্টার পরিবারগুলোর জন্য সাহায্য সম্প্রসারিত করার জন্য গুরুত্বপূর্ণ মানসিক স্বাস্থ্যে বিনিয়োগ ও প্রস্তাবিত আইনের পাশাপাশি প্রবীণদের সাহায্য করে।

ক্ষতিপূরণের পরিমাণ বৃদ্ধি করে এবং চাইল্ড অ্যাডভোকেসি সেন্টারগুলোতে আরো অর্থিক সহায়তা বৃদ্ধি করে অপরাধের শিকার হওয়া ব্যক্তিদের জন্য সংস্থানগুলো সম্প্রসারিত করে।

প্রস্তাবগুলো আইন প্রয়োগকারী ও ফ্রন্টলাইন কর্মীদের প্রতি গভর্নরের চলমান প্রতিশ্রুতির উপর ভিত্তি করে গড়ে ওঠে; ক্ষতিগ্রস্থদের ক্ষতিপূরণ ও সহায়ক সার্ভিসসমূহ সম্প্রসারণ করা হয়েছে

গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) আজ তার 2025 সালের স্টেট অভ দ্য স্টেটের অংশ হিসেবে উদ্ধারকর্মীদের সুরক্ষা, প্রশিক্ষণ ও নিয়োগের জন্য সংস্থান বৃদ্ধি ও প্রবীণ ও অপরাধের শিকার হওয়া ব্যক্তিদের সহায়তা করার প্রস্তাব উন্মোচন করেন। গভর্নর আমাদের কমিউনিটিগুলোকে সেবা প্রদান করা উদ্ধারকর্মীদের সংখ্যা বৃদ্ধির জন্য এবং প্রশিক্ষণ ও মানসিক স্বাস্থ্য সংস্থানের মাধ্যমে তাদের সাহায্য করার জন্য নতুন উদ্যোগের প্রস্তাব করেছিলেন। গভর্নর নিউ ইয়র্কের প্রবীণদের সাহায্য করার জন্য নতুন উদ্যোগের পাশাপাশি অপরাধের শিকার হওয়া ব্যক্তিদের জন্য সাহায্য বৃদ্ধির প্রস্তাবও করেছিলেন।

"আমরা সকলেই উদ্ধারকর্মীদের কাছে প্রচুর ঋণী যারা তাদের প্রিয় কমিউনিটির সেবা করার জন্য প্রতিদিন একটি ইউনিটফর্ম পরেন," **গভর্নর Hochul (হোকল) বলেন।** "আমি নতুন উদ্যোগের মাধ্যমে আমাদের কমিউনিটির নিরাপত্তা ও সুরক্ষাকে সবরা প্রথমে রাখছি যা জনসেবার পথ উন্মুক্ত করে, উদ্ধারকর্মীদের ও প্রবীণদের গুরুত্বপূর্ণ সাহায্য প্রদান করে এবং গোল্ড স্টার পরিবারগুলোর জন্য সাহায্য বৃদ্ধি করে।"

উদ্ধারকর্মীদের সাহায্য করা

একটি ফার্স্ট রেস্পপন্ডর কাউন্সেলিং বৃত্তি কর্মসূচি চালু করা

উদ্ধারকর্মীগণ ব্যতিক্রম মানসিক স্বাস্থ চ্যালেঞ্জের মুখোমুখি হন, কিন্তু উদ্ধারকর্মী দলের সাথে পরিচিত পরামর্শদাতর অভাব যত্নের ক্ষেত্রে ব্যবধান তৈরি করে। আর্থিক প্রতিবন্ধকতাগুলো প্রায় উদ্ধারকর্মীদের কাউন্সেলিং ডিগ্রি অর্জনে বাধা প্রদান করে, সাংস্কৃতিকভাবে সক্ষম মানসিক স্বাস্থ্য পেশাদারদের প্রাপ্রতা সীমাবদ্ধ করে। এটি সমাধান করতে, গভর্নর Hochul (হোকল) স্টেট ইউনিভার্সিটি অব নিউ ইয়র্ক (State University of New York, SUNY) এর মাধ্যমে ফার্স্ট রেসপন্ডার কাউন্সেলিং স্কলারশিপ প্রোগ্রাম (First Responder Counseling Scholarship Program) চালু করবেন। এই উদ্যোগটি কাউন্সেলিং ডিগ্রি অর্জনকারী উদ্ধারকর্মীদের সহায্য করবে এবং নিরাময়-কেন্দ্রিক যত্ন ও পারস্পরিক সহায়তামূলক নেতৃত্বের ক্ষেত্রে মাইক্রো-ক্রেডেনশিয়াল অফার করবে। বৃত্তি সহায়তার মিনিময়ে, গ্রাহকগণ নিউ ইয়র্ক স্টেটে পরামর্শদাতা হিসেবে কাজ করার প্রতিশ্রুতিবদ্ধ হবেন, উদ্ধারকর্মী দলকে সাহায্য করার জন্য ব্যতিক্রমভাবে সজ্জিত মানসিক স্বাস্থ্য পেশাদারদের একটি টেকসই পাইপলাইন তৈরি করবেন।

জননিরাপত্তা নিয়োগে পুরনো বাধা দূর করা

পুরনো নিয়োগের মানগুলো জননিরাপত্তা এজেন্সিগুলোর যোগ্য প্রার্থীদের আকৃষ্ট করার ক্ষমতাকে সীমাবদ্ধ করে, গুরুত্বপূর্ণ অভিজ্ঞতা সম্পন্ন ব্যক্তিদের বাদ দিয়ে এবং কর্মীদের ঘাটতি আরো খারাপ করে। এই সমস্যা সমাধান করার জন্য, গভর্নর Hochul (হোকল) যোগ্য প্রার্থীদের পথ সম্প্রসারণের জন্য পেশাগত মান আধুনিকীকরণ করবেন। এর মধ্যে রয়েছে নিউ ইয়র্ক স্টেট পুলিশের অবসর গ্রহণের বয়স বৃদ্ধি করে 63 বছর করা এবং আইন প্রয়োগকারী সংস্থায় নিয়োগের জন্য 35-বছর বয়সী সর্বোচ্চ বয়সের সীমাবদ্ধতার অপসারণ করা, সেইসাথে নিউ ইয়র্কের বাসিন্দাদের সংশোধন কর্মকর্তা পদের জন্য আবেদন করার অনুমতি প্রদান করা। এই পরিবর্তনগুলো নিশ্চিত করবে যে এজেন্সিগুলো আবেদনকারীদের বিস্তৃত ও আরো বৈচিত্র্যময় পুল থেকে আবেদন করতে পারবে।

সরকারি চাকরির ক্ষেত্রে কর্মসংস্থানের সুযোগ পশস্ত করা

ভুল প্রশিক্ষণ কর্মসূচি ও অগ্রগতির সীমিত সুযোগের কারণে অনেক নিউ ইয়র্কবাসী জননিরাপত্তা বিষয়ক ক্যারিয়ার গড়তে বাধার সম্মুখীন হন। গভর্নর Hochul (হোকল) জননিরাপত্তা প্রশিক্ষণ কর্মসূচির জন্য একাডেমিক ক্রেডিট প্রদান এবং এই ক্রেডিটগুলোকে ডিগ্রি পাথওয়েতে অন্তর্ভুক্ত করার জন্য SUNY এবং সিটি ইউনিভার্সিটি অব নিউ ইয়র্ক (City University of New York, CUNY) এর সাথে সহযোগিতা করবেন। এই প্রচেষ্টাগুলো জননিরাপত্তা ক্যারিয়ারে আরো প্রার্থীদের আকৃষ্ট করবে এবং বর্তমানে জননিরাপত্তায় কর্মরতদের জন্য অগ্রগতির সুযোগ প্রদান করবে।

ভলান্টিয়ার ফায়ার ইনফ্রাস্ট্রাকচার ও রেসপন্স ইকুইপমেন্ট গ্রান্ট প্রোগ্রামের জন্য অতিরিক্ত তহবিল নিশ্চিত করা (Volunteer Fire Infrastructure and Response Equipment Grant Program)

ভলান্টিয়ার ফায়ার সার্ভিসগুলো 45 শতাংশেরও বেশি নিউ ইয়র্কবাসীকে সুরক্ষা প্রদান করে, তারপরেও অনেক বিভাগে আধুনিক অগ্নিনির্বাপণের জন্য প্রয়োজনীয় সরঞ্জাম ও অবকাঠামোর

অভাব রয়েছে। পুরনো যন্ত্রপাতি ও প্রাচীণ সুযোগ-সুবিধা অগ্নিনির্বাপকদের নিরাপত্তা ও অপারেশনাল প্রস্তুতি উভয়কেই ঝুঁকির মধ্যে ফেলে দেয়। গভর্নর Hochul (হোকল) ভি-ফায়ার (V-FIRE) অনুদান কর্মসূচির জন্য অতিরিক্ত তহবিল নিশ্চিত করবেন, বিভাগগুলোর বৈচিত্র্যময় কর্মশক্তির চাহিদা মেটাতে সজ্জিত কমপ্লায়েন্ট ফায়ার স্টেশনগুলো সংস্কার বা নির্মাণের অনুমতি প্রদান করবেন।

আরো উন্নত প্রতিরক্ষামূলক সরঞ্জামের মাধ্যমে অগ্নিনির্বাপক কর্মীদের সুরক্ষিত রাখা
আমাদের সাহসী অগ্নিনির্বাপক কর্মীগণ, প্রচুর তাপ ও বিপজ্জনক অবস্থার সন্মুখীন হয়ে নিঃস্বার্থভাবে আমাদের কমিউনিটিগুলোকে রক্ষা করার জন্য তাদের জীবনের ঝুঁকি নেয়। এই বীরদের রক্ষা করার জন্য, তারা চরম তাপমাত্রা সহ্য করতে এবং জল ও তেল প্রতিহত করার জন্য পরিকল্পনা করা বিশেষ প্রতিরক্ষামূলক গিয়ারের উপর নির্ভর করে। বছরের পর বছর ধরে, এই প্রয়োজনীয় সরঞ্জামটিতে দুর্ভাগ্যবশত নতুন দূষণকারী পার- ও পলিফ্লুরোঅ্যালকাইল পদার্থসমূহ (per-and polyfluoroalkyl substances, PFAS) রয়েছে। ক্রমবর্ধমান প্রমাণগুলো PFAS এর সংস্পর্শে আসার সম্ভাব্য বিপদগুলো প্রকাশ করেছে, যা আমাদের অগ্নিনির্বাপক কর্মীদের দীর্ঘমেয়াদি স্বাস্থ্য ও সুরক্ষা নিয়ে উদ্বেগ বৃদ্ধি করেছে, যদিও আমরা নিউ ইয়র্কের বাতাস, স্থল ও জলে এই দূষণকারী পদার্থের নির্গমন সীমিত করার জন্য কাজ চালিয়ে যাচ্ছি। আমাদের অগ্নিনির্বাপক কর্মী ও পরিবেশ উভয়ই রক্ষার প্রয়োজনীয়তা স্বীকার করে গভর্নর Hochul (হোকল) স্টেটে PFAS ফায়ার ফাইটার গিয়ার নিষিদ্ধ করার জন্য আইন প্রবর্তন করবেন। এই পদক্ষেপটি আমাদের অগ্নিনির্বাপক কর্মীদের এই কেমিক্যালগুলোতে সম্ভাব্য জনস্বাস্থ্য ও পরিবেশগত প্রভাব হ্রাস করার সময় উপলভ্য সর্বোচ্চ মানের এবং নিরাপদ প্রতিরক্ষামূলক সরঞ্জামগুলোতে অ্যাক্সেস নিশ্চিত করতে সাহায্য করবে। আইনটি 2028 সালে কার্যকর হবে।

একটি মেস ভায়োলেন্স ক্রাইসিস রেসপন্স টীম প্রতিষ্ঠা করা
বাফেলোতে 2022 সালে শীর্ষস্থানীয় সুপারমার্কেটগুলোতে শুটিং সহ গণ সহিংসতার ঘটনাগুলো ক্ষতিগ্রস্থ ও বেঁচে যাওয়া ব্যক্তিদের তাৎক্ষণিক সাহায্য প্রদানে নিউ ইয়র্ক স্টেটের দক্ষতার সমস্যাসমূহ প্রকাশ করেছে। জুরুরি তহবিলে, বিলম্ব, মানসিক স্বাস্থ্যসেবায় সীমিত অ্যাক্সেস ও মৌলিক চাহিদার জন্য অপর্যাপ্ত সংস্থান ও আরো কার্যকর প্রতিক্রিয়ার প্রয়োজনীয়তা তুলে ধরেছে। এসব চ্যালেঞ্জগুলো মোকাবেলা করার জন্য, গভর্নর Hochul (হোকল) হোমল্যান্ড সিকিউরিটি অ্যান্ড ইমার্জেন্সি সার্ভিসেস (Division of Homeland Security and Emergency Services, DHSES) বিভাগের সাথে অংশীদারিত্বে অফিস অব ভিকটিম সার্ভিসেস (Office of Victim Services, OVS) এর নেতৃত্বে একটি মেস ভায়োলেন্স ক্রাইসিস রেসপন্স টীম গঠন করবেন। এই টিমটি বেঁচে থাকা ব্যক্তিদের ও তাদের কমিউনিটির জন্য দ্রুত, সমন্বিত সাহায্য নিশ্চিত করবে, এই ধরণের ঘটনার পরে তাৎক্ষণিক চাহিদা পুরণ করবে।

দুর্ঘটনায আহতদের জন্য সংস্থানে বিনিয়োগ

ঝুঁকিপূর্ণ জনগোষ্ঠিকে রক্ষা করার জন্য ভিকটিম সাপোর্ট সার্ভিস সম্প্রসারণ
নিউ ইয়র্কের বর্তমান ভিকটিম সার্ভিসেস প্রোগ্রাম প্রয়োজনীয় সহায়তা প্রদান করে বয়স্ক ও প্রতিবন্ধী প্রাপ্তবয়স্কদের আর্থিক নির্যাতন মোকাবেলায় এবং হত্যাকাণ্ডের শিকার হওয়া

পরিবারগুলোর চাহিদা পূরণে ব্যর্থ হয়। ক্ষতিপূরণের বিদ্যমান সীমা, পুরনো অর্থপ্রদানের বিধিনিষেধ, সীমিত যোগ্যতার মান দুর্বল হনগোষ্ঠীর জন্য কার্যকর সহায়তা প্রদানে বাধা প্রদান করে। এই ধরণের সমস্যাগুলো মোকাবেলা করার জন্য গভর্নর Hochul (হোকল) প্রতারণার শিকারদের জন্য ক্ষতিপূরণ বৃদ্ধি, অন্ত্যেষ্টিক্রিয়ার খরচ পরিশোধের সীমা বৃদ্ধি, অপরাধের দৃশ্য পরিষ্কারের ব্যবস্থা সম্প্রসারণ করা এবং অবদানমূলক কর্মকাণ্ডের মূল্যায়ন বিবেচনার মত বাধাগুলো দূর করার প্রস্তাব প্রদান করেছেন।

অপরাধের শিকার হওয়া শিশুরা যাতে সর্বোচ্চ সাহায্য পায় তা নিশ্চিত করা
একটি শিশু অপরাধের শিকার হওয়া প্রতিটি পিতামাতার সবচেয়ে খারাপ দুঃস্বপ্ন, বিশেষ করে যখন অপরাধটি যখন হিংস্র প্রকৃতির হয়। যখন এমনটা ঘটে, পরিবারগুলোকে অবশ্যই ন্যায়বিচারের অনুসরণকে সমর্থন করার কঠিন পথে হাঁটতে হবে এবং তাদের তরুণ প্রিয় তরুণ-তরুণীদেরকে পুনরায় অভিজ্ঞতা ও অপরাধ এবং ট্রমা থেকে রক্ষা করতে হবে। চাইল্ড অ্যাডভোকেসি সেন্টারগুলো নির্যাতন, অবহেলা ও অপরাধের শিকার হওয়া শিশুদের জন্য একটি শিশু-বান্ধব, নিরাপদ, সহায়ক পরিবেশ প্রদান করে। শিশু ও তাদের প্রিয়জনদের জন্য বিভিন্ন ক্ষেত্রের পেশাদার টিমের কাছ থেকে ভুক্তভোগীদের পক্ষে ওকালতি, মানসিক স্বাস্থ্য সহায়তা ও বিশেষায়িত মেডিকেল পরীক্ষার অ্যাক্সেস রয়েছে। এই বছর, গভর্নর Hochul (হোকল) চাইল্ড অ্যাডভোকেসি সেন্টারগুলোতে বরাদ্দ দ্বিগুণ করবেন যাতে শিশুরা সার্ভিস ও সহায়তা পায় তা নিশ্চিত করার জন্য, তাদের একজন একক অ্যাডভোকেট রয়েছে যিনি সম্পূর্ণ প্রক্রিয়াটির মাধ্যমে তাদের ও তাদের পরিবারের সাথে কাজ করেন। এটি নিশ্চিত করবে যে অপরাধের শিকার হওয়া তরুণ-তরুণী ও তাদের পরিবারগুলো প্রক্রিয়াটির প্রতিটি পদক্ষেপে এই বিশ্বস্ত প্রাপ্তবয়স্কদের মাধ্যমে প্রস্তুত ও সমর্থনপ্রাপ্ত।

প্রবীণ ও তাদের পরিবারগুলোকে সহায়তা করা

প্রবীণদের আত্মহত্যা প্রতিরোধের উদ্যোগ বৃদ্ধি করা
নিউ ইয়র্কের প্রবীণরা সাধারণ জনগণের তুলনায় আত্মহত্যার হার উল্লেখযোগ্যভাবে বেশি অনুভব করেন যা পোস্ট-ট্রমাটিক স্ট্রেস ডিসঅর্ডার ও হতাশার উচ্চ হারের মাধ্যমে চালিত। নিউ ইয়র্কের প্রতি চারজন প্রবীণ সৈনিকের মধ্যে প্রায় একজন এমন অবস্থার সন্মুখীন হন যা তাদের আত্মহত্যার ঝুঁকি উল্লেযোগ্যভাবে বৃদ্ধি করে। সামরিক কর্মী, প্রবীণ ও সামারিক পরিবারের মধ্যে আত্মহত্যা প্রতিরোধের জন্য জাতীয় গভর্নরের চ্যালেঞ্জের মাধ্যমে, নিউ ইয়র্ক প্রবীণদের আত্মহত্যা হ্রাস করতে উদ্ভাবনী পদ্ধতি তৈরি করেছে। এই প্রচেষ্টাগুলো গড়ে তোলার জন্য গভর্নর Hochul (হোকল) আত্মহত্যা প্রতিরোধের উদ্যোগগুলো সম্প্রসারণের জন্য নতুন বরাদ্দ নিশ্চিত করবেন। এর মধ্যে থাকবে উন্নত ঝুঁকি মূল্যায়ন প্রশিক্ষণ, আউটরিচ সরঞ্জাম, বন্দুক সুরক্ষা প্রোগ্রাম ও স্টেটব্যাপী প্রবীণদের জন্য টেলি-মেন্টাল হেলথ সার্ভিসগুলোতে উন্নত অ্যাক্সেস।

গোল্ড স্টার পরিবারগুলোতে সহায়তা বৃদ্ধি করা
নিউ ইয়র্ক স্টেটের নিহত সেনা সদস্যদের পরিবারগুলোকে সম্মান জানালেও, বর্তমান গোল্ড স্টার প্যারেন্ট অ্যানুইটি প্রোগ্রামটি (Gold Star Parent Annuity Program) শুধুমাত্র যুদ্ধে মারা

যাওয়া সেনা সদস্যদের পিতামাতাগণকে সুবিধা প্রদান করে, স্বামী/স্ত্রী, সন্তান ও যুদ্ধবিহীন সক্রিয় দায়িত্ব পালনরত অবস্থায় মার যাওয়া সেনা সদস্যদের পরিবারকে বাদ দিয়ে।

গভর্নর Hochul (হোকল) এই প্রোগ্রামটি প্রসারিত করার জন্য আইন প্রস্তাব করবেন যাতে সক্রিয় দায়িত্ব পালনকালে মারা যাওয়া সকল সামরিক কর্মীগণের পরিবারের সদস্যদের তাৎক্ষনিক অন্তর্ভুক্ত করা যায়। এছাড়াও, গভর্নর মোটর যানবাহন বিভাগকে (Department of Motor Vehicles) গোল্ড স্টার পরিবারের সদস্যদের জন্য স্মারক লাইসেন্স প্লেট ইস্যু করার অনুমোদন দিয়ে আইন প্রণয়ন করবেন, যা তাদের ত্যাগের জন্য নিউ ইয়র্কের কৃতজ্ঞতা তুলে ধরবে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন